

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯৭২

৩০/ সং ব্যবহার ও সম্পর্ক রক্ষা (ﷺ আ رسول الله عن رسول الله) পরিচ্ছেদঃ পরিবার-পরিজনের জন্য অর্থ ব্যয়।

باب مَا جَاءَ فِي النَّفَقَةِ فِي الأَهْلِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْد، عَنْ أَيُّوبَ، عَنْ أَبِي قِلاَبَةَ، عَنْ أَبِي أَسْمَاءَ، عَنْ ثَوْبَانَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " أَفْضَلُ الدِّينَارِ دِينَارٌ يُنْفِقُهُ الرَّجُلُ عَلَى عِيَالِهِ وَدِينَارٌ يُنْفِقُهُ الرَّجُلُ عَلَى أَصْحَابِهِ فِي سَبِيلِ اللَّهِ اللَّهُ اللَّهُ اللَّهُ إِللَّهِ عَلَى اللَّهُ بِهِ وَيُغْنِيهِمُ اللَّهُ بِهِ وَيُغْنِيهِمُ اللَّهُ بِهِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحَيِحٌ .

বাংলা

১৯৭২। কুতায়বা (রহঃ) ... ছাওবান (রাঃ) থেকে বর্ণিত, নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, সর্বোত্তম দিনার (স্বর্ণমুদ্রা) হল সেই দ্বীনারটি যা একজন লোক তাঁর পরিজনের জন্য ব্যয় করে, আর ঐ দীনারটি যা একজন লোক আল্লাহর পথে (জিহাদের জন্য) তাঁর বাহনের জন্য ব্যায় করে এবং ঐ দীনারটি যা সে আল্লাহর পথে তাঁর সঙ্গীদের জন্য ব্যয় করে।

আবৃ কিলাবা (রহঃ) বলেনঃ রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এখানে তাঁর পবিত্র বক্তব্য শুরু করেছেন পরিজনদের কথা উল্লেখ করে। এরপর তিনি বলেন ঐ ব্যাক্তির তুলনায় বিরাট ছওয়াবের অধিকারী আর কে হতে পারে যে ব্যাক্তি তাঁর ছোট ছোট পরিবারের সদস্যদের জন্য অর্থ ব্যয় করে। এর মাধ্যমে আল্লাহ্ তা'আলা তাদেরকে হারাম থেকে পবিত্র রাখেন এবং অমুখাপেক্ষী করে দেন। সহীহ, ইবনু মাজাহ ২৭৬০, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৯৬৬ [আল মাদানী প্রকাশনী]

এ হাদিসটি হাসান সহিহ।

English



Thawban narrated that the Messenger of Allah said:

"The most virtuous of the Dinar is the Dinar spent by a man on his dependants, and the Dinar spent by a man on his beast in the Cause of Allah, and the Dinar spent by a man on his companions in the Cause of Allah." Abu Qilabah (one of the narrators) said: "He began with the dependants." Then he said: "And which man is greater in reward than a man who spends upon his depandants, having little ones by which Allah causes him to abstain (from the unlawful) and by which Allah enriches him."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন